

সম্পর্ক

“শান্তিপূর্ণ সহাবস্থান শক্তিশালীকরণ প্রকল্প” এর কার্যক্রম সম্পর্কিত মাসিক বুলেটিন। প্রকল্পটি ইউএনএইচসিআর-এর সহযোগিতায় কোষ্ট ফাউন্ডেশন এর মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে।

জুন ২০২৩

স্থানীয় ও রোহিঙ্গা যুবকদের নিয়ে বিশ্ব শরণার্থী দিবস ২০২৩ উদযাপন

“বাড়ি থেকে দূরেও আশা – এমন একটি বিশ্ব যেখানে শরণার্থীদের সবসময় অন্তর্ভুক্ত করা হয়।”



বিশ্ব শরণার্থী দিবস উদযাপন উপলক্ষ্যে আয়োজিত চিত্রাংকন প্রতিযোগিতায় হীলা মঙ্গল উদ্দীন মেমোরিয়াল কলেজের ছাত্র ছাত্রীরা অংশগ্রহণ করেন। ছবি - শাহজাহান

বিশ্ব শরণার্থী দিবসে সচেতনতা বাঢ়াতে এবং শরণার্থীদের সাথে সংহতি প্রদর্শনের জন্য ২০ জুন কোষ্ট ফাউন্ডেশন, ইউএনএইচসিআর এর সহযোগিতায় টেকনাফ উপজেলার হীলা মঙ্গল উদ্দীন মেমোরিয়াল কলেজের শিক্ষার্থীদের নিয়ে ১টি চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করে। প্রতিযোগিতায় ৪৮ জন ছাত্র/ছাত্রী উপস্থিত ছিল এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষ্ট সহকারি পরিচালক জাহাঙ্গীর আলম, মঙ্গল উদ্দীন মেমোরিয়াল কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আ ন ম তোহিদুল মাশেক, মঙ্গল উদ্দীন মেমোরিয়াল কলেজের ট্রাস্ট সদস্য ইব্রাহিম খলিল। চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহকারীরা শরণার্থীদের বিভিন্ন দৃশ্যমার্ক কথা চিত্রে মাধ্যমে ফুটিয়ে তুলেন। অনুষ্ঠানে অতিথিরা বিশ্বব্যাপী শরণার্থীদের অবদান, অধিকার, মর্যাদাকে স্বীকৃতি দেওয়ার বিষয়ে জোর দেন। আ ন ম তোহিদুল মাশেক বলেন, “বাংলাদেশে রোহিঙ্গা শরণার্থী সংকট একটি মানবিক সমস্যা। সংবাদ ও নিপীড়নের কারণে বিপুল সংখ্যক রোহিঙ্গা জনগোষ্ঠী বাংলাদেশে আশ্রয় নিয়েছে। বাস্তুত রোহিঙ্গা জনগোষ্ঠীদের খাদ্য, বাসস্থান, স্বাস্থ্যসেবা এবং মৌলিক সেবা প্রদানে বাংলাদেশ সরকার ও আর্ডার্জাতিক দাতা সংস্থা কাজ করে যাচ্ছে। কিন্তু সংকটের দীর্ঘায়িত প্রকৃতির জন্য রোহিঙ্গা শরণার্থীদের কল্যাণ ও ভবিষ্যৎ সম্ভাবনা নিশ্চিত করতে টেকসই সমর্থন ও দীর্ঘমেয়াদী সমাধান প্রয়োজন।”



“ক্যাম্পে শান্তিপূর্ণ সহাবস্থানের উন্নতি ও অপহরণ প্রতিরোধে রোহিঙ্গা যুবকেরা সচেতনতা বাঢ়াবে”

বিশ্ব শরণার্থী দিবস উদযাপন উপলক্ষ্যে ইউএনএইচসিআর এর সহযোগিতায় কোষ্ট রোহিঙ্গা যুবক ও রাজ্যিখালী অলস্টার ক্লাব সদস্যদের নিয়ে একটি বন্ধুসভার আয়োজন করে। উন্নত সভায় শরণার্থীদের মর্যাদা, শান্তিপূর্ণ সহাবস্থান এবং সাম্প্রতিক সময়ে অপহরণ বিষয়ে সচেতনতা বৃদ্ধি বিষয়ক আলোচনা করা হয়। ক্যাম্পে শান্তিপূর্ণ সহাবস্থানের উন্নতি ও অপহরণ প্রতিরোধে রোহিঙ্গা যুবকেরা সচেতনতা বৃদ্ধিতে কাজ করবে এবং স্থানীয় যুবকদের সাথে সোহার্দপূর্ণ সম্পর্কের উন্নয়ন ঘটাবে।

কাজের লক্ষ্যমাত্রা ও অর্জন, জুন ২০২৩

কাজের নাম।	লক্ষ্য মাত্রা	অর্জন
বিশ্ব শরণার্থী দিবস উদযাপন	১	১

টেকনাফে স্থানীয় ক্লাব সদস্যদের নিয়ে বিশ্ব শরণার্থী দিবস উদযাপন

২০ জন হীলায় রঞ্জীখালী অলস্টার ক্লাব ও দমদিময়া যুব কল্যাণ সমিতির সদস্যদের সাথে শরণার্থীদের দূর্দশা ও মর্যাদা বিষয়ে সচেতনতা বাঢ়াতে বিশ্ব শরণার্থী দিবস পালন করা হয়। অলস্টার ক্লাবঘরে আয়োজিত আলোচনা

সভায় উপস্থিত সদস্যরা শরণার্থীদের অধিকার, মর্যাদা এবং শান্তিপূর্ণ সহাবস্থানের গুরুত্ব নিয়ে আলোচনা করেন। দমদিময়া যুব কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক শহিদ মাহামুদ বলেন, “বাংলাদেশে রোহিঙ্গা শরণার্থী সংকট

সমাধানে আর্ডার্জাতিক মনযোগ ও সহায়তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার জন্য মিয়ানমারের প্রতি চাপ তৈরী করতে হবে।”

প্রয়োজনে আরো তথ্য ও যোগাযোগের জন্য মোবাইল: ০১৭১৩-০২৪৮২৭, ইমেইল: Email: Jahangir.coast@gmail.com ওয়েবসাইট :

www.coastbd.net